

## ফতওয়া নং ৩৭২

### প্রশ্ন:

فِيْمَا سَفَتِ السَّمَاءَ وَالْعِيُونَ أَوْ كَانَ عَثْرِيًّا الْعُشْرُ، وَمَا سَقَى بِالنَّضْحِ نِصْفُ الْعُشْرِ - ফসলের যাকাত কি ফসল দিয়েই আদায় করতে হবে ? আর যারা চাষ করছে তাদের প্রত্যেকের উপর কি যাকাত ওয়াজিব, বিস্তারিত জানাবেন!

### উত্তর:

ফসলের যাকাত ফসল দ্বারা আদায় করা যাকারী নয়, টাকা দ্বারাও আদায় করা যায়।  
(জাওয়াহিরুল ফিকহ ৩/২৫৩)

জমি উশরী হয় তবেই সেই জমির ফসলে উশর ওয়াজিব। যদি উশরী না হয় বরং খারাজী হয়, তাহলে উশর ওয়াজিব নয়।

উল্লেখ্য, যে সমস্ত জমি বর্তমানে মুসলমানদের মালিকানায় আছে এবং কোনো মুসলমানের হাত থেকে তাদের কাছে উত্তরাধিকার বা ক্রয়সূত্রে এসেছে তা উশরী জমি হিসেবে গণ্য হবে। আর যে জমিগুলো অমুসলিমদের মালিকানায় আছে বা তাদের মালিকানা থেকে মুসলমানদের মালিকানাধীন হয়েছে তা খারাজী জমি হিসেবে গণ্য হবে। অনুরূপভাবে যে সমস্ত জমি বর্তমানে মুসলমানদের হাতে আছে কিন্তু পূর্বে মুসলিম বা অমুসলিম কার হাতে ছিলো তা নিশ্চিতভাবে জানা না থাকে তবে পূর্বে মুসলমানদের হাতে ছিল মনে করা হবে এবং ঐ ধরনের জমিও উশরী জমি হিসেবে গণ্য হবে। (জাদীদ ফিকহী মাসাইল ৮/১২০ পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

০৭ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (16/05/2024)